

Ex/ARTS/BNG/UG/MAJOR/1.1/2025

কলাস্নাতক অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

( প্রথম বর্ষ, প্রথম সেমেষ্টার )

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি মেজর - ১.১

বিষয় : বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

৭.৫×৪=৩০

১ক. ‘সদুক্তিকর্ণামৃত’ পদসংকলন গ্রন্থটি কয়টি অংশে বিন্যস্ত ও কী কী? চর্যায় কীভাবে সমসময়ের সমাজব্যবস্থা ও সংস্কৃতির প্রসঙ্গ ধরা পড়েছে উদাহরণ সহযোগে সংক্ষেপে বুঝিয়ে দাও। ২+৫.৫=৭.৫

( অথবা )

১খ. মালাধর বসু ব্যতীত মধ্যযুগে বাংলায় ভাগবত রচনা করেছিলেন এমন দুই জন কবির নাম লেখো। কৃষ্ণিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো। ১+৬.৫=৭.৫

২ক. “গগন যুগল খাতু সমুদ্রকুমার / শক পরিমিত বীর বিক্রম রাজার” — রচনাকালজ্ঞাপক শ্লোকটির অর্থ বিশ্লেষণ করো। বাংলা মঙ্গলকাব্যের প্রধান লক্ষণগুলি সম্পর্কে আলোচনা করো।

২+৫.৫=৭.৫

BNG-1164

[ Turn Over ]

( ২ )

( অথবা )

২খ. রচয়িতার নামসহ বাংলা ভাষায় লেখা প্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো। প্রাকচৈতন্য ও চৈতন্য-পরবর্তী যুগের বৈষ্ণব পদাবলির তুলনামূলক আলোচনা করো। ১+৬.৫=৭.৫

৩ক. যুগের সমাজ-অর্থনীতি ও রাজনৈতিক প্রভাবই শাক্ত পদাবলির মৌল প্রেরণা। তোমার পাঠ্য পদ অবলম্বনে এবিষয়ে যুক্তিপূর্ণ আলোচনা করো। ৭.৫

( অথবা )

৩খ. বাউল কবি হিসেবে লালন ফকিরের কবিত্বের পরিচয় দাও। ৭.৫

৪ক. প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা সংগ্রহ হিসেবে দীনেশচন্দ্র সেন সম্পাদিত বইটির নাম, প্রকাশকাল এবং খণ্ড সংখ্যা উল্লেখ করো। গীতিকার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ২+৫.৫=৭.৫

( অথবা )

৪খ. যে কোনো তিনটি গ্রন্থ সম্পর্কে সংক্ষেপে লেখো। ২.৫×৩=৭.৫  
শাহ বারিদ খানের ‘হানিফা কয়রাপারী’, দোনাগাজী চৌধুরীর ‘সয়ফুল মুলক বদিউজ্জামাল’, দৌলত কাজীর ‘সতী ময়না’, সৈয়দ আলাওলের ‘পদ্মাবতী’, নওয়াজিস খানের ‘গোলে বকাওলী’।

★ ★ ★

BNG-1164

XX24(113)—70